



চরিগ্রহননের রাজনীতি নয়, মর্যাদার সংসদ চান বিরোধীদলীয় নেতা



জামায়াত আমির ডা. শফিকুর রহমান। ছবি: সংগৃহীত

ত্রয়োদশ জাতীয় সংসদের স্পিকার নির্বাচনের পর অধিবেশনে শুভেচ্ছা বক্তব্য দেন স্পিকার হাফিজ উদ্দিন আহমেদ। এরপর বক্তব্য রাখেন প্রধানমন্ত্রী তারেক রহমান। পরে বক্তব্য দেন বিরোধীদলীয় নেতা ডা. শফিকুর রহমান।

জামায়াত আমির ও বিরোধীদলীয় নেতা ডা. শফিকুর রহমান বলেন, জুলাইয়ের রক্তবরা অধ্যায়ের প্রেক্ষাপটে গঠিত হয়েছে বর্তমান সংসদ। অতীতে নানা সময় স্বৈরাচারী প্রবণতার কারণে আইনসভা কার্যকর ভূমিকা রাখতে পারেনি, এমনকি কখনও তা প্রহসনের আসরেও পরিণত হয়েছে। তিনি দুঃখ প্রকাশ করে বলেন, সংসদের ভেতরে ব্যক্তিগত আক্রমণ ও চরিগ্রহননের নজিরও রয়েছে। নতুন এই সংসদ যেন সেই সংস্কৃতি থেকে বেরিয়ে এসে দায়িত্বশীল ও মর্যাদাপূর্ণ ভূমিকা রাখে—এ প্রত্যাশার কথাও তুলে ধরেন তিনি।

স্পিকারের উদ্দেশে তিনি বলেন, সভাপতির আসনে বসার পর সরকারি ও বিরোধী দলের মধ্যে কোনো ভেদাভেদ থাকবে না—এমন নিরপেক্ষতা দেশবাসী আশা করে। একজন লড়াকু মুক্তিযোদ্ধা হিসেবে স্পিকার দায়িত্ব পালনে সক্ষম হবেন বলেও তার বিশ্বাস। একই সঙ্গে তিনি স্পিকারের কাছে ন্যায্যভিত্তিক পরিচালনার প্রত্যাশা ব্যক্ত করেন।